# যে কারণে ২৭৮ শিক্ষার্থীকে বহিষ্কার করল জাবি

**অনলাইন ডেস্ক**

প্রকাশিত: ০২:০২, ১৮ মার্চ ২০২৫; আপডেট: ০২:০৩, ১৮ মার্চ ২০২৫



ছবি সংগৃহীত

**জুলাই আন্দোলনে ছাত্র-জনতার ওপর হামলার ঘটনায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) ২৭৮ শিক্ষার্থীকে সাময়িক বহিষ্কার করা হয়েছে।**

**বহিষ্কৃতদের মধ্যে সাবেক ও বর্তমান শিক্ষার্থী রয়েছেন।**

সোমবার (১৭ মার্চ) মধ্যরাতে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

বহিষ্কৃত শিক্ষার্থীদের বিরুদ্ধে তিনটি পৃথক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে প্রশাসন। যাদের ছাত্রত্ব শেষ হয়েছে, তাদের সনদ স্থগিত করা হবে। যারা পরীক্ষা ও ভাইভা দিয়েছে, তাদের ফলাফল স্থগিত থাকবে। আর যারা এখনো নিয়মিত শিক্ষার্থী, তাদের সাময়িক বহিষ্কার করা হবে।

বিশ্ববিদ্যালয় প্রশাসন জানিয়েছে, বহিষ্কৃত শিক্ষার্থীরা নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের রাজনীতির সঙ্গে জড়িত ছিলেন। তবে তাৎক্ষণিকভাবে তাদের নাম-পরিচয় প্রকাশ করা হয়নি।